

## উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটির অনুষ্ঠিতব্য সভার কার্যবিবরণী

সভার তারিখ ও বার : ০৪/১০/২০২১ খ্রিঃ, রোজ-সোমবার  
সময় : বিকাল- ৩.০০ মি.  
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ এর অফিস কক্ষ  
সভাপতি : জনাব রেহানা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ

সভায় উপস্থিত সম্মানীত সদস্যবৃন্দের নামের তালিকা ও স্বাক্ষর পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী/ আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে উহা অনুমোদিত হয়। অতঃপর সভাপতি মহোদয় উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা ও সংস্কৃতি বিষয়ক উপজেলা স্ট্যান্ডিং কমিটির সদস্য সচিবকে উপজেলার সাংস্কৃতিক বিষয়ক সার্বিক কার্যক্রম ও যে সকল সমস্যা আছে তা আলোচনা করার জন্য অনুরোধ করেন।

ক্রমিক নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্তসমূহ
০১	উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা ও কমিটির সদস্য সচিব জানান যে, শ্রীনগর উপজেলায় শিশু ও কিশোর-কিশোরী এবং সাধারণ জনগণের জন্য সাংস্কৃতিক চর্চার জন্য শ্রীনগর উপজেলার প্রতিটি ইউনিয়নে সাংস্কৃতিক প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা প্রয়োজন। তবে এ বিষয়ে সরকারি কোন আর্থিক বরাদ্দ না থাকায় কার্যকরী কোন ভূমিকা নেয়া যাচ্ছেনা।	সভায় সকলে এ কর্মসূচী বাস্তবায়নে একমত পোষন করেন এবং উক্ত কর্মসূচী বাস্তবায়নে উপজেলা পরিষদের নিকট আর্থিক সহযোগিতার সুপারিশ করা হয়।
০২	উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা ও কমিটির সদস্য সচিব জানান যে, আগামী ১৮ অক্টোবর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৭ তম জন্মবার্ষিকী ও শেখ রাসেল দিবস উদযাপন উপলক্ষে বাংলাদেশ শিশু একাডেমি উপজেলা প্রসাশনের সাথে সমন্বয় করে বিভিন্ন কর্মসূচির আয়োজন করবে। উক্ত কর্মসূচি যথাযথভাবে পালনে সকল সম্মানীত সদস্যদের মূল্যবান দিক-নির্দেশনা এবং সার্বিক সহযোগিতা কামনা করা হয়।	সভায় সকলে এ কর্মসূচী বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(রেহানা বেগম)

সভাপতি

উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

স্মারক নং - সংবিউক/শ্রীনগর/মুন্সীগঞ্জ/২০১৪/২৮৮(৭)

তারিখ : ০৪/১০/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-১
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৪। উপজেলা শিক্ষা অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ ও সদস্য, উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ ও সদস্য, উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি।
- ৬। চেয়ারম্যান, ষোলঘর ইউনিয়ন পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ ও সদস্য, উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি।
- ৭। অফিস নথি

পরিশিষ্ট 'ক'

উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর :

ক্রমিক নং	সদস্যবৃন্দের নাম ও পদবী	স্বাক্ষর
১	বেহানা বিচারক	বেহানা
২	মোঃ নূরুজ্জামান উদ্দিন আইকরম উদ্দৌল্লাহ কাক্সি আইসিআর	Nawaz 04/10/21
৩	মুহাম্মদ আলী উদ্দৌল্লাহ মাস্টার কাক্সি আইসিআর	মুহাম্মদ 04.10.2021
৪	মোঃ কামাল হোসেন উদ্দৌল্লাহ কাক্সি বিসময়ক কর্মসূচী	Kamran 04/10/21

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
বাংলাদেশ শিশু একাডেমি  
শ্রীনগর উপজেলা শাখা, মুন্সীগঞ্জ।

স্মারক নং-সংবিউক-বাশিএ/শ্রী-মুন্সী/২০১৪/ ২৮৬ (০৮)

তারিখঃ ২৮ /৯/২০২১খ্রিঃ

বিষয় : উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটির সভায় অংশগ্রহণ প্রসংগে।

জনাব,

সবিনয়ে জানানো যাচ্ছে যে, আগামী ০৪/১০/২০২১খ্রিঃ তারিখ রোজ-সোমবার, বিকাল-৩.০০ ঘটিকায় উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটির সভা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। কমিটির একজন সম্মানিত সদস্য হিসাবে আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সভায় আলোচ্যসূচি :

- ১। ইউনিয়ন পর্যায়ে সাংস্কৃতিক প্রশিক্ষণ কেন্দ্র গঠন প্রসংগে।
- ২। আগামী ১৮ অক্টোবর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৭তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচির আয়োজন প্রসংগে।
- ৩। বিবিধ।



(মোঃ শামীম হোসেন)

উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি

শ্রীনগর, মুন্সীগঞ্জ

তারিখঃ ২৮ /৯/২০২১খ্রিঃ

স্মারক নং-সংবিউক-বাশিএ/শ্রী-মুন্সী/২০১৪/ ২৮৬ (০৮)

সদয় জ্ঞাতার্থে :

- (১) মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-১
- (২) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- (৩) উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ

অনুলিপি সদয় কার্যার্থে :

- (১) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর ও সভাপতি, উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি
- (২) ..... সদস্য, উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি
- (৩) অফিস নথি

(মোঃ শামীম হোসেন)

উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা

শ্রীনগর, মুন্সীগঞ্জ